বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩০৮ তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৩০ তম কমিশন সভা অদ্য ০৬/০৭/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

কমিশন অদ্যকার সভায়, Chartered Life Insurance Company Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১,৫০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর Rule 3(2)(p) থেকে অব্যাহতি পূর্বক অনুমোদন প্রদান করেছে। উল্লেখ্য যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আইন পরিপালনের উদ্দেশ্যে এই অব্যাহতি প্রদান করা হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারী ট্রেজারী বন্ড, পুঁজিবাজারে বিনিয়োগ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে Actuarial Valuation Report অনুযায়ী Life Insurance Fund ৩৫,২১,৬৮,৭২০ টাকা, মোট উদ্বৃত্ত ৪,৬৭,৪৫,০০০ টাকা এবং শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদানের জন্য উদ্বৃত্ত রয়েছে ৪৫ লক্ষ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে 'এএএ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড', 'ট্রাষ্ট ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড' এবং 'এবি ইনভেস্টমেন্ট লিমিটেড'। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

06-07-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র